

এসডিজি-৪ লক্ষ্য বাস্তবায়নে সরকার নানামুখী কার্যক্রম গ্রহন করেছে-শিক্ষামন্ত্রী

২৭ সেপ্টেম্বর ২০১৭

শিক্ষা মন্ত্রী জনাব নূরুল ইসলাম নাহিদ বলেছেন, এসডিজি-৪ লক্ষ্য বাস্তবায়নে বাংলাদেশ নানামুখী কার্যক্রম গ্রহন করেছে। ২০২১ সালের মধ্যে একটি জ্ঞান-নির্ভর ও প্রযুক্তিভিত্তিক মধ্যম আয়ের দেশে রূপান্তরের জন্য বাংলাদেশ সুনির্দিষ্ট পরিকল্পনা ও কর্মসূচী গ্রহণ করেছে। শিক্ষার মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন এগুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ।

শিক্ষামন্ত্রী আজ ঢাকায় হোটেল সোনারগাঁওয়ে Launching event of Capacity Building for Education (CapED) Programme in Bangladesh শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় ইউনেস্কো ঢাকা অফিসের উদ্যোগে এ অনুষ্ঠান আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষানীতিতে এসডিজি-৪ এর কিছু কিছু বিষয়ে দিকনির্দেশনা দেয়া আছে। শিক্ষার মান উন্নয়নে সবগুলো বিষয় বিবেচনায় নিয়ে আমাদের দ্রুত এগুতে হবে। লক্ষ্য অর্জনে CapED Programme এর মাধ্যমে কৌশলগত ও বিশেষজ্ঞ সহায়তা পাওয়া যাবে।

তিনি বলেন, প্রযুক্তিনির্ভর বিশ্বায়নের যুগে মানসম্মত শিক্ষা দেশের উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেলক্ষ্য বাস্তবায়নে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এ প্রক্রিয়াকে সফল করতে সরকার শিক্ষকদের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণও দিচ্ছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, ইউনেস্কো ঢাকা অফিস প্রধান বিয়াদ্রিস কালডুন (Ms. Beatrice Kaldun), ইউনেস্কো প্রধান কার্যালয়ের ইউনিট প্রধান আসট্রিড গিলেট (Ms. Astrid Gillet), শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ এবং ইউআইএস-এর আঞ্চলিক উপদেষ্টা শৈলেন্দ্র সিগডেল (Shailendra Sigdel), বক্তব্য রাখেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯